গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়
ময়মনসিংহ।

স্মারক নং-অপারেশনস্/ ৯৫৫ তারিখঃ ০৬-১২-২০২৩ খ্রি.।

বিষয় ঃ উত্তম চর্চার (বেস্ট প্র্যাকটিস) তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এর স্মারক নং-৪৪.০০.০০০০.৯৭৮.০৫.০১০.২০২৩-৭৬৮, তারিখ- ৩০/১০/২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র রেঞ্জ ডিআইজি'র কার্যালয়সহ রেঞ্জাধীন জেলাসমূহে অনুসৃত উত্তম চর্চার (বেস্ট প্র্যাকটিস) হালনাগাদ তালিকা সংগ্রহপূর্বক একীভূত করে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্ত ঃ ০৩ (তিন) পাতা।

৬/১২/২৩

(খোন্দকার নজমুল হাসান, পিপিএম (বার))
বিপি নং-৭২৯৯০৩১২১১
পুলিশ সুপার (অপারেশনস্)
(অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি প্রাপ্ত)
পক্ষে ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, ময়মনসিংহ।
ফোন-০২-৯৯৬৬৭১০৯৯, ফ্যাক্স-০২-৯৯৬৬৭১১০৩

প্রতি
অ্যাডিশনাল ডিআইজি (আর, আই অ্যান্ড বিপি)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

CamScanner

উত্তম চর্চার (Best Practice) তালিকা
ময়মনসিংহ রেঞ্জ

ক্রঃ নং	উত্তম চর্চার নাম	সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য
১.	Beat Policing Digital Monitoring System (BPDMS) এবং Crime Investigation Digital Monitoring System (CIDMS)	প্রযুক্তির সহায়তায় অত্র রেঞ্জে Beat Policing Digital Monitoring System (BPDMS) চালু করা হয়েছে। এর মাধ্যমে বিট অফিসারদের তাদের দায়িত্ব প্রাপ্ত বিট এলাকায় উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। তাছাড়াও Crime Investigation Digital Monitoring System (CIDMS) এর মাধ্যমে মামলার তদন্ত কার্যক্রম আরও স্বচ্ছতা ও নিখুঁতভাবে মনিটরিং করা হচ্ছে । এ পদ্ধতিতে উর্ধ্বতন কর্মকর্তাগণ মামলার তদন্তকারী কর্মকর্তার মামলার তদন্ত সংক্রান্ত কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে মনিটরিং করতে পারছেন। এছাড়াও প্রত্যেক ঘটনায় উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক দ্রুত মনিটরিং এবং সিদ্ধান্ত প্রদানের ফলে সেবা প্রার্থী সাধারণ জনগণ উপকৃত হচ্ছেন এবং বাংলাদেশ পুলিশের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।	রেঞ্জ অফিস
২.	সিসিটিভি ক্যামেরা মাধ্যমে থানার কার্যক্রম মনিটরিং	অত্ররেঞ্জ কার্যালয়ের অত্যাধুনিক কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারে স্থাপিত মনিটরের মাধ্যমে অপটিক্যাল ফাইবার ব্যবহার করে রেঞ্জাধীন সকল থানায় স্থাপিত সিসিটিভি ক্যামেরার সার্বিক কার্যক্রম, যেমন-ডিউটি অফিসারের সেবা প্রদান, হাজত খানায় থাকা আসামী, সেন্ট্রি পোষ্ট ইত্যাদি মনিটরিং করা হচ্ছে। এর ফলে পুলিশের প্রতি জনগণের আস্থা তৈরী হয়েছে এবং পুলিশ সদস্যদের মধ্যে অপরাধ প্রবণতা উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। এছাড়াও থানার ডকুমেন্ট, রেজিস্টার, অস্ত্র	রেঞ্জ অফিস
৩.	গুরুত্বপূর্ণ স্থাপনা/ প্রতিষ্ঠানসমূহে সিসিটিভি ক্যামেরা স্থাপনে উদ্বুদ্ধকরণ	অত্ররেঞ্জাধীন জেলাসমূহে অবস্থিত বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপণা/প্রতিষ্ঠানসমূহের (বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, ফুয়েল ষ্টেশন, শিল্প বা কলকারখানা, শপিংমল, জুয়েলারী দোকান, বহুতল ভবন/বাসা ইত্যাদি) নিরাপত্তা জোরদারকল্পে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ/মালিকগণকে সুবিধাজনক স্থানে নিজ খরচে নিজ নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করার জন্য বিট পুলিশিং এর মাধ্যমে উদ্বুদ্ধ করা হচ্ছে।	রেঞ্জ অফিস
৪.	শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ	ময়মনসিংহ রেঞ্জ ডিআইজির কার্যালয়ে কর্মরত প্রতিটি সদস্যের নৈতিকতাবোধ/চেতনাজাগ্রতকরণ তথা আরো অধিক পেশাদারিত্বের সাথে দায়িত্বপালনের মাধ্যমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অত্র কার্যালয়ের প্রশাসন শাখার উদ্যোগে প্রতি কোয়ার্টারে ১ (এক) টি করে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে।	রেঞ্জ অফিস
৫.	সরকারী কর্মচারীদের প্রতি বঙ্গবন্ধুর আহবান অত্র রেঞ্জাধীন প্রতিটি ইউনিটের দৃশ্যমান স্থানে টানিয়ে রাখা	সরকারী কর্মচারীদের উদ্দেশ্যে ১৯৭৫ সালের ২৫শে মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত ভাষণের উদ্বৃতাংশ ('আপনি চাকরি করেন, আপনার মায়না দেয় ঐ গরীব কৃষক, আপনার মায়না দেয় ঐ জমির শ্রমিক, আপনার সংসার চলে ঐ টাকায়। আমি গাড়ী চলি ঐ টাকায়....। ওদের সম্মান করে কথা বলেন, ওদের ইজ্জত করে কথা বলেন, ওরাই মালিক.......। সরকারী কর্মচারীকে বলব, মনে রেখো এ স্বাধীন দেশ, এ ব্রিটিশ কলোনী নয়, পাকিস্তানী কলোনী নয়। যে লোককে দেখবা, তার চেহারা দেখবা তোমার বাবার মত, তোমার ভাইয়ের মত। ওর পরিশ্রমের পয়সা, ওরাই হবে, সম্মান বেশি পাবে...............।') বাঁধাই করে ময়মনসিংহ রেঞ্জ কার্যালয় হতে রেঞ্জাধীন জেলাসমূহের প্রতিটি ইউনিটে প্রেরণ এবং উক্ত বাঁধাইকৃত ভাষণের উদ্বৃতাংশ রেঞ্জাধীন প্রতিটি থানা/ইউনিটের প্রবেশ পথ/সুবিধাজনক দৃশ্যমান স্থানে টানানোর ব্যবস্থা করা হয়েছে। উক্ত ভাষণে জনগণের অধিকার ও তাদের প্রতি সরকারি কর্মচারীগণ কি ধরণের আচরণ করবেন সেবিষয়ে উল্লেখ রয়েছে যা যথাযথ ভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।	রেঞ্জ অফিস
৬.	ধর্ষণ ও নারী নির্যাতন প্রতিরোধ টিম	ধর্ষণ বা নারীর প্রতি সহিংসতার সংবাদ পাওয়া মাত্র তাৎক্ষণিক ঘটনাস্থল পরিদর্শন, ভিকটিম উদ্ধার, আলামত সংগ্রহ, জরুরী চিকিৎসার ব্যবস্থা এবং ভিকটিমকে আইনি সহায়তা প্রদান করাসহ বিচারাধীন নারী নির্যাতন মামলার ক্ষেত্রে সাক্ষীর প্রতি সমন জারি, সাক্ষীদের (পুলিশ সাক্ষীসহ) বিজ্ঞ আদালতে উপস্থাপন, আসামী গ্রেফতার এবং সর্বোপরি মামলার বাদী ও সাক্ষীদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে "ধর্ষণ ও নারী নির্যাতন প্রতিরোধ টিম" গঠন করা হয়েছে। উক্ত টিম ধর্ষণ ও নারী নির্যাতন প্রতিরোধে বিভিন্ন স্কুল, কলেজসহ শিক্ষা প্রতিষ্ঠানে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে জনগনের মাঝে সচেতনতা বৃদ্ধিতে কাজ করে থাকে।	রেঞ্জ অফিস
৭.	ওয়েব-সাইট আপডেট করণ	অত্র রেঞ্জ কার্যালয়ে ব্যবহৃত ওয়েব-সাইট নিয়োমিত ভাবে আপডেট করা হচ্ছে।	রেঞ্জ অফিস

CamScanner

ক্রঃ নং	উত্তম চর্চার নাম	সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য
৮.	গুরুত্বপূর্ণ ও চাঞ্চল্যকর মামলা মনিটরিং	অত্র কার্যালয়ের মনিটরিং সেলের মাধ্যমে গুরুত্বপূর্ণ ও চাঞ্চল্যকর মামলা মনিটরিং করা হয় এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।	রেঞ্জ অফিস
৯.	শিশু-কিশোরদের মাঝে পুলিশ ভীতি দূরীকরণে উদ্যোগ গ্রহণ	শিশু-কিশোরদের মাঝে পুলিশ ভীতি দূরীকরণে জন্য অত্র রেঞ্জ কার্যালয়সহ রেঞ্জাধীন সকল থানার ডিউটি অফিসার/নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী হেল্পডেস্কে আগত শিশু-কিশোরদের চকলেট দেওয়া হয়। যাতে পরবর্তী প্রজন্মের মধ্যে পুলিশের প্রতি ইতিবাচক ধারণার সৃষ্টি হয়।	রেঞ্জ অফিস
১০.	সাক্ষী সহায়তা সেল	বিভিন্ন গুরুত্বপূর্ণ ও চাঞ্চল্যকর মামলাসমূহের বিচার চলাকালে অপরাধীদের সাজা নিশ্চিত করণার্থে একজন অতিরিক্ত পুলিশ সুপারের নেতৃত্বে রেঞ্জাধীন ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর জেলায় একটি করে সাক্ষী সহায়তা সেল গঠন করা হয়েছে যা ধার্য তারিখের পূর্বে সাক্ষীদের বিনা হয়রানিতে সুষ্ঠুভাবে যথাসময়ে সাক্ষ্য প্রদানের লক্ষ্যে বিচার বিভাগের সাথে সমন্বয় করে থাকে। এতে জেলায় গুরুত্বপূর্ণ মামলাসমূহের সাজার হার বৃদ্ধি পাবে।	ময়মনসিংহ/ নেত্রকোণা/ শেরপুর জেলা।
১১.	ফোর্সের মানসিক স্বাস্থ্য ও জীবনমানের উন্নয়ন	কর্মব্যস্ত দিনের শেষে যাতে মানসিক অবসাদ ও হতাশা পুলিশ সদস্যদেরকে আক্রান্ত করতে না পারে সেই লক্ষ্যে অত্ররেঞ্জাধীন ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর জেলার পুলিশ লাইন্সে, বিনোদন ও পাঠকেন্দ্র রয়েছে যেখানে পুলিশ সদস্যরা নিজেদের অবসর সময়ে খেলাধুলা ও জ্ঞানচর্চার মাধ্যমে নিজেদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের প্রতি খেয়াল রাখতে পারে। এছাড়াও, তাদের পেশাদারিত্ব ও আত্মোন্নয়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে মোটিভেশনাল কর্মশালার আয়োজন করা হয়ে থাকে।	ময়মনসিংহ/ নেত্রকোণা/ শেরপুর জেলা।
১২.	শরীরচর্চা ও খেলাধুলা	রেঞ্জাধীন ময়মনসিংহ, শেরপুর জেলার পুলিশ সদস্যরা নিয়মিত পুলিশ লাইন্স মাঠে ফুটবল, ক্রিকেট ও ভলিবল খেলায় এবং পুলিশ লাইন্সে অবস্থিত জিমনেশিয়ামে শরীরচর্চায় অংশগ্রহণ করে থাকে। ফলশ্রুতিতে বাংলাদেশ পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশীপ (আইজিপি কাপ) ২০২২-২০২৩ প্রতিযোগিতায় ময়মনসিংহ রেঞ্জ চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করেছে।	ময়মনসিংহ/ শেরপুর জেলা।
১৩.	ফোর্সের খাদ্যাভ্যাস ও খাবারের মান নিশ্চিতকরণ	রেঞ্জাধীন ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর জেলার পুলিশ সুপারগণদের সরাসরি তত্ত্বাবধানে মেসের খাবারের মান ও নির্ধারিত মেন্যুর নিশ্চয়তা বিধানের বিষয়টি একজন অতিরিক্ত পুলিশ সুপার প্রতিনিয়ত তদারকি করে থাকেন। পুলিশ লাইন্স ও সকল থানা-ফাঁড়িতে একটি উন্নতমানের খাদ্য তালিকা নিয়মিত অনুসরণ করা হয়ে থাকে।	ময়মনসিংহ/ নেত্রকোণা/ শেরপুর জেলা।
১৪.	কোর্ট মালখানার সুষ্ঠু ব্যবস্থাপনা	অত্র রেঞ্জাধীন ময়মনসিংহ, নেত্রকোণা জেলার আদালতে অবস্থিত কোর্ট মালখানায় অগোছালোভাবে রক্ষিত অতি পুরাতন মূলতবী আলামতসমূহের একটি সুনির্দিষ্ট ডেটাবেইজ তৈরি করা হয়েছে যা আলামতসমূহের যথার্থতা রক্ষা ও সঠিক সময়ে আদালতে উপস্থাপনের ব্যাপারে ইতিবাচক পরিবর্তন সাধনে সক্ষম হয়েছে।	ময়মনসিংহ/ নেত্রকোণা জেলা।
১৫.	সাইবার মনিটরিং সেন্টার	সাইবার সংক্রান্ত অপরাধ পর্যবেক্ষণ ও দমনের জন্য নেত্রকোণা জেলার পুলিশ সুপারের কার্যালয়ে নিচ তলায় একটি সুদৃশ্য "সাইবার মনিটরিং সেন্টার" নির্মাণ করা হয়েছে। উক্ত মনিটরিং সেন্টার সাইবার সংক্রান্ত অপরাধ দমনে গুরত্বপূর্ণ ভূমিকা রাখছে।	নেত্রকোণা জেলা।
১৬.	ক্রাইম অ্যান্ড অপস্ মনিটরিং সেন্টার	গুরত্বপূর্ণ অপরাধ প্রতিরোধ ও অপরাধ দমনের জন্য নেত্রকোণা জেলার পুলিশ সুপারের কার্যালয়ে "ক্রাইম অ্যান্ড অপস্" মনিটরিং সেন্টার নির্মাণ করা হয়েছে। ফলে অপরাধ প্রতিরোধ ও দমনে পুলিশী সহায়তা বৃদ্ধি পাচ্ছে।	নেত্রকোণা জেলা।
১৭.	চিত্তবিনোদন ছুটি মঞ্জুর সহজীকরণ	নেত্রকোণা জেলায় প্রতিমাসের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রত্যেক পুলিশ সদস্যদের চিত্তবিনোদন ছুটি প্রাপ্তির বিষয় যাচাই পূর্বক পুলিশ সুপার কর্তৃক চিত্তবিনোদন ছুটি প্রদানের আদেশ বহিতে স্বাক্ষরিত হওয়ার পর মোবাইল মেসেজ প্রদান করা হয়। এতে পুলিশ সদস্যদের মনে স্বস্তির সৃষ্টি হয় এবং এক্ষেত্রে দীর্ঘসূত্রিতা দূর হয়েছে।	নেত্রকোণা জেলা।
১৮.	বঙ্গবন্ধু গ্যালারী স্থাপন	ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর জেলায় দৃষ্টিনন্দন বঙ্গবন্ধু গ্যালারী স্থাপন করা হয়েছে। যেখানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের বেশ কিছু দুর্লভ ও দুষ্পাপ্য আলোকচিত্র বঙ্গবন্ধুকে নিয়ে দেশি, বিদেশী বিভিন্ন লেখক, গবেষকদের বই, প্রবন্ধ স্থান পেয়েছে।	ময়মনসিংহ/ নেতকোণা/ জামালপুর জেলা
১৯.	অনশ্বর পিতা ভাস্কর্য স্থাপন	জামালপুর জেলার পুলিশ লাইন্স এর প্রবেশ মুখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের একটি দৃষ্টিনন্দন ভাস্কর্য "অনশ্বর পিতা" স্থাপন করা হয়েছে। যা স্থানীয় রাজনীতিবিদ ও সাধারণ জনগণের কাছে প্রশংসিত হয়েছে।	জামালপুর জেলা

CamScanner

ক্রঃ নং	উত্তম চর্চার নাম	সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য
২০.	পুলিশ বুলেটিন স্থাপন	জামালপুর ও শেরপুর জেলায় পুলিশের মাসিক পত্রিকা পুলিশ বুলেটিন প্রকাশিত হচ্ছে।	জামালপুর/ শেরপুর জেলা
২১.	নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী হেল্প ডেস্কের মাধ্যমে সেবা প্রদান	প্রতিটি থানায় নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী হেল্প ডেস্কের মাধ্যমে ইভটিজিং, নারী নির্যাতন প্রতিরোধে আইনী ব্যবস্থা গ্রহণসহ নির্যাতিতদের আইনী সেবা প্রদান করা হচ্ছে।	ময়মনসিংহ/ নেত্রকোণা,/ জামালপু/ শেরপুর জেলা
২২.	ডেলিভারী সেন্টারের মাধ্যমে সেবা প্রদান	রেঞ্জাধীন জামালপুর জেলার প্রতিটি থানার সার্ভিস ডেলিভারী সেন্টারে মাধ্যমে থানায় আগত সেবা প্রত্যাশীদের দ্রুত সময়ে কাঙ্খিত সেবা দেয়া হচ্ছে।	জামালপুর জেলা
২৩.	বিট পুলিশিং কার্যক্রম সংক্রান্ত	রেঞ্জাধীন ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর জেলাসমূহে পুলিশকে জনমুখী ও জনবান্ধব হিসেবে গড়ে তোলা, প্রত্যন্ত এলাকাতে পুলিশের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ, পুলিশের কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং পুলিশী সেবা জনগণের দোড় গোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে বিট পুলিশিং কার্যক্রম চালু রয়েছে।	ময়মনসিংহ/ নেত্রকোণা,/ জামালপু/ শেরপুর জেলা
২৪.	কমিউনিটি পুলিশিং সংক্রান্ত	রেঞ্জাধীন জেলাসমূহের প্রতিটি থানায় কমিউনিটি পুলিশিং এর মাধ্যমে বাল্য বিবাহ যৌতুক, জঙ্গিবাদ ইত্যাদি সমাজিক অপরাধ দমনকল্পে স্থানীয় ভাবে প্রতিরোধ গড়ে তোলাসহ সমাজের সর্বস্তরে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম চলমান রয়েছে।	ময়মনসিংহ/ নেত্রকোণা,/ জামালপু/ শেরপুর জেলা
২৫.	ভাড়াটিয়াদের তথ্য সংগ্রহ	Citizen Information Management System (CIMS) এর মাধ্যমে অত্র রেঞ্জাধীন ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর জেলায় বসবাসরত নাগরিকদের ও ভাড়াটিয়াদের তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হচ্ছে।	ময়মনসিংহ/ নেত্রকোণা,/ জামালপু/ শেরপুর জেলা
২৬.	Lawful Interception Cell Mobile Tracking	রেঞ্জাধীন ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর জেলায় Lawful Interception Cell Mobile Tracking এর মাধ্যমে মোবাইল ফোনে চাঁদাবাজি ও অন্যান্য সাইবার ক্রাইম সংক্রান্ত অপরাধের তদন্ত করা হচ্ছে।	ময়মনসিংহ/ নেত্রকোণা,/ জামালপু/ শেরপুর জেলা
২৭.	মাদকের বিরুদ্ধে সমন্বিত অভিযানসহ নিয়মিত অভিযান সংক্রান্ত	মাদকের প্রতি জিরো টলারেন্স নীতি গ্রহণপূর্বক সর্বত্র মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। রেঞ্জাধীন ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর জেলাসমূহে মাদক, চোরাচালান, ওয়ারেন্ট তামিল, অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার এবং জঙ্গিদের গ্রেফতারের জন্য নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। এছাড়াও অন্যান্য অপরাধ দমনে রেঞ্জাধীন প্রতিটি জেলায় বিভিন্ন আভিযানিক কার্যক্রমের মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা হচ্ছে।	ময়মনসিংহ/ নেত্রকোণা,/ জামালপু/ শেরপুর জেলা
২৮.	গুজব প্রতিরোধে সামাজিক যোগাযোগ মাধ্যম মনিটরিং	অত্র রেঞ্জাধীন প্রতিটি জেলায় সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ও ভুল তথ্য ছড়ানো, ধর্মীয় অনুভূতিতে আঘাত, রাষ্ট্র ও সরকার বিরোধী প্রচারনা,নাশকতা ও সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রচেষ্টা ইত্যাদি প্রতিরোধে সাইবার মনিটরিং সেল গঠন করা হয়েছে। সাইবার অপরাধ দমনে এই সেল সার্বক্ষণিক সামাজিক যোগাযোগ মাধ্যমসমূহ মনিটরিং করে থাকে।	ময়মনসিংহ/ নেত্রকোণা,/ জামালপু/ শেরপুর জেলা

CS CamScanner